খোরাসান থেকে কালো পতাকা

“ খোরাসান থেকে কাল পতাকা বের হয়ে আসবে, তাদেরকে কেউই থামাতে পারবে না যতক্ষণ না পর্যন্ত তারা জেরুজালেমে পোঁছে। ”

আন্দোলনের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ

১৯৭৯ – ২০১২ +

আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সালাম) বলেন,

"যখন কিয়ামত নিকটবর্তী হয়ে যাবে তখন মুসলিমদের স্বপ্ন মিথ্যা হবে না। আর তোমাদের মধ্যে যে সবচেয়ে বেশী সত্যবাদী হবে তার স্বপ্ন বেশী সত্য হবে। আর মুসলিমদের স্বপ্ন নবুওয়াতের পঁয়তাল্লিশ ভাগের এক ভাগ। স্বপ্ন তিন ধরনের। তার মধ্যে একটি হল ভাল স্বপ্ন যা আল্লাহর পক্ষ থেকে সুখবর। দ্বিতীয় হচ্ছে খারাপ স্বপ্ন যা শয়তানের পক্ষ থেকে হয়ে থাকে। তৃতীয় প্রকারের স্বপ্ন হল নিজের মনের চিন্তা। .... "

(সহিহ মুসলিম, ৭ম খণ্ড, স্বপ্নের অধ্যায়, ৫৭৪০ নাম্বার হাদিস)

"এবং কাফিররা পরিকল্পনা করে, কিন্তু আল্লাহও পরিকল্পনা করে। আর আল্লাহই হল সর্বোত্তম পরিকল্পনাকারী।"
(সূরা আল ইমরান : ৫৪)

খোরাসান : একটি ভুমি যা হল সংকীর্ণ গিরিপথ বিশিষ্ট পাহাড়ি ভুমি, বিশাল উন্মুক্ত স্থানযুক্ত, ঘন বন বিশিষ্ট, রয়েছে অনেক গুহা এবং পৃথিবীর ছাদ খ্যাঁত পামির গোলকধাঁধা , যা মধ্যবর্তী দেশগুলোর কাছে তাদের গোপন দরজা উন্মোচন করে দিয়েছে।

বিশাল সৈন্য প্রতিরোধের জন্য রয়েছে সংকীর্ণ গিরিপথ বিশিষ্ট পাহাড়ি ভুমি।

সৈন্যদের দৃষ্টিগোচর করার জন্য ও তাদের লুকানোর কোন জায়গা না দেওয়া র জন্য রয়েছে বিশাল উন্মুক্ত স্থান।

ঘন বনগুলো নিজস্ব সৈন্য ও অস্ত্র লুকিয়ে রাখার জন্য ব্যাবহার করা যায়।

এবং বিস্ময়কর পামির গোলকধাঁধা হল মুজাহিদিনদের এলাকা যেখানে তারা লুকতে পারে, পুনরায় নিজেদের মধ্যে সংঘটিত হতে পারে অথবা সহজেই তাদের নিজ পছন্দ অনুযায়ী দেশে চলে যেতে পারে কোন সীমান্ত ছাড়াই।

এই ভুমিকেই আল্লাহ্‌ শেষ যুগের যুদ্ধের প্রস্তুতি গ্রহনের জন্য মনোনীত করেছেন।

অধ্যায় ৩ : (২০০১-২০০৫)

অধ্যায় ৪: পাকিস্তান (২০০২-২০০৫)

অধ্যায় ৫ : নতুন বন্ধু (২০০৫-২০১২)

অধ্যায় ৬ : বিশ্বব্যাপী পণ্য সরবরাহ রুট অবরোধ (২০০৬+)

অধ্যায় ৭ : আরব বসন্ত (২০১১ +)

অধ্যায় ৮ : ওসামাকে হত্যা করা হল

অধ্যায় ৯ : নিকট ভবিষ্যতে যা হতে পারে (২০১২+)

অধ্যায় ১০ : (স্পেশাল)

ম্যাপ

ভুমিকা

<u>ছেলেটির স্বপ্ন</u>

এই কাহিনীর শুরুটা হয়েছিলো ১৯৬০ সালে, ওসামা নামের ছোট্ট একটা ছেলের দেখা একটা স্বপ্নের মাধ্যমে।

ইয়েমেনি বাবা আর সিরীয় মায়ের সন্তান ওসামার জন্ম সাউদী আরবে- তিনটি ভূখণ্ডই ইসলামের পবিত্র ভূমি। শৈশব ও কৈশোরের পুরোটা সময় জুড়েই ওসামা ছিল একজন ভাল মুসলিম। সে ছিল পিতা-মাতার বাধ্য সন্তান, সমবয়সী অন্যান্য ছেলেদের মতো খেলাধূলা করার চাইতে ইসলাম নিয়ে পড়াশোনা করার ব্যাপারেই সে বেশি আগ্রহী ছিল।

একজন ইসলামের শিক্ষার্থী থেকে বর্ণিতঃ

আমি মাদিনা-আল মুনাওয়ারা তে একজন শায়খের বাসায় ছিলাম যিনি রাসূল (সাঃ) এর মাসজিদে খুতবা দিতেন। আমরা যখন উনার বাড়িতে পৌঁছালাম তখন কেউ একজন দরজায় কড়া নাড়ল। শায়খ দরজা থেকে এমন একজন ব্যক্তিকে নিয়ে ফেরত এলেন যাঁর বয়স প্রায় ৮০ বছর কিন্তু তাঁর চেহারা ছিল আলোকোজ্জ্বল ও সম্মানীয়।

বাড়ির কর্তা তাঁকে স্বাগত জানালেন আর তাঁকে কুরআনের কিছু আয়াতের তাফসীর করতে অনুরোধ করলেন । অতিথি শায়খ কুরআনের কিছু আয়াত তিলাওয়াত করে সেগুলোর তাফসীর শোনালেন। আমরা নিঃশব্দে তাঁর কথা শুনছিলাম; আল্লাহর কসম, আমি জীবনে কুরআনের অনেক তাফসীর পড়েছি কিন্তু এই শায়খ ছিলেন জ্ঞানগর্ভ মানুষ। যখন তাঁর কথা বলা শেষ হল, তখন বাড়ির কর্তা তাঁকে খেতে অনুরোধ জানালেন,কিন্তু তিনি বিনয়ের সাথে তা প্রত্যাখান করলেন। এবং তখন আমরা বুঝতে পারলাম যে তিনি রোযা রেখেছেন।

এরপর অতিথি চলে যাওয়ার কথা বললেন, কিন্তু নিমন্ত্রণকর্তা অনড় হয়ে বললেন , “আপনি যতক্ষণ না পর্যন্ত আমাদের কাছে আরেকবার শায়খ ওসামা বিন লাদেনের স্বপ্নটা বর্ণনা না করবেন, ততক্ষণ আপনাকে যেতে দেওয়া হবে না।”

অতিথি হেসে ফেললেন আর জিজ্ঞেস করলেন, “ সেই স্বপ্নের কথা বলছ যা শায়খ ওসামা বিন লাদেন ৯ বছর বয়সে দেখেছিলেন?”

নিমন্ত্রণকর্তা হ্যাঁ সূচক উত্তর দিলেন।

এরপর অতিথি-শায়খ সেই স্বপ্নের কথা বর্ণনা করলেনঃ

“আমি ছিলাম ওসামা বিন লাদেনের বাবা মুহাম্মাদ বিন লাদেনের একজন ঘনিষ্ঠ বন্ধু। আমি বহুদিন তার কর্মক্ষেত্র, তার কোম্পানিতে গিয়েছি। আবার অনেক দিন কন্সট্রাকশন এর কাজের ব্যাপারে আমি তার বাসায়ও গিয়েছি। আমাদের আলোচনার মাঝে প্রায়ই তার সন্তানদের খেলাধুলার কারণে বিঘ্ন ঘটত। তখন তিনি তাদেরকে বাইরে গিয়ে খেলতে বলতেন।

কিন্তু আমি অবাক হয়ে যেতাম এটা দেখে যে তিনি তার একজন পুত্রকে সবসময় তার পাশে বসে থাকতে বলতেন। আমি তাকে জিজ্ঞেস করেছিলাম, ‘আপনি তাকে আপনার অন্য সন্তানদের সাথে খেলতে পাঠান না কেন? ও কি অসুস্থ?’

মুহাম্মাদ বিন লাদেন হাসলেন এবং উত্তর দিলেন, ‘না, আমার এই ছেলের মাঝে বিশেষ কিছু একটা আছে’।

আমি ওর নাম জিজ্ঞেস করলে তিনি বলেন, ‘ওর নাম ওসামা আর ওর বয়স ৯ বছর। আপনাকে আমি কিছুদিন আগে ঘটে যাওয়া একটা অদ্ভুত ঘটনার কথা বলিঃ আমার এই পুত্র ফযরের সালাতের কিছুক্ষণ আগে আমাকে জাগিয়ে তুলে বলল, ‘বাবা আমি আপনাকে কিছুক্ষণ আগে আমার দেখা স্বপ্ন সম্পর্কে বলতে চাই।’ আমি ভাবলাম সে হয়তো কোন দুঃস্বপ্ন দেখেছে। আমি ওযু করে নিলাম এবং তাকে আমার সাথে মসজিদে নিয়ে গেলাম।

যাওয়ার পথে সে আমাকে জানালো, ‘স্বপ্নে আমি নিজেকে একটা বড় সমতল এলাকায় দেখতে পেলাম। আমি দেখলাম সাদা ঘোড়ার সওয়ার হয়ে একটা সৈন্যবাহিনী আমার দিকে এগিয়ে আসছে। তাদের সবার মাথায় ছিল কালো পাগড়ী। উজ্জ্বল চোখের একজন সৈন্য আমার কাছে এসে জিজ্ঞেস করলেন, ‘তুমি কি ওসামা বিন মুহাম্মাদ বিন লাদেন?’ আমি উত্তর দিলাম- ‘হ্যাঁ’ । এরপর তিনি আমাকে জিজ্ঞেস করলেন, ‘তুমি কি ওসামা বিন মুহাম্মাদ বিন লাদেন?’ আমি আবারও উত্তর দিলাম, ‘হ্যাঁ, আমিই সে।‘ তিনি আবারও আমাকে জিজ্ঞেস করলেন, ‘তুমি কি ওসামা বিন মুহাম্মাদ বিন লাদেন?’ আমি বললাম, ‘আল্লাহর কসম, আমি ওসামা বিন লাদেন।‘ তিনি আমার দিকে একটি পতাকা এগিয়ে দিয়ে বললেন, ‘ এই পতাকাটি আল-কুদসের প্রবেশপথে ইমাম মাহদী মুহাম্মাদ বিন আবদুল্লাহর হাতে তুলে দিও।’ আমি তার হাত থেকে পতাকাটি নিলাম এবং দেখলাম যে সৈন্যবাহিনীটা আমাকে পেছনে ফেলে এগিয়ে যাচ্ছে।

মুহাম্মাদ বিন লাদেন বললেন, আমি এটা শুনে অবাক হয়ে গিয়েছিলাম কিন্তু ব্যবসার কাজের ব্যস্ততায় আমি এই স্বপ্নের কথা ভুলে গেলাম। পরের দিন সকালেও ওসামা ঠিক ফযরের সালাতের আগে আমাকে ঘুম থেকে জাগিয়ে তুলল এবং একই স্বপ্নের কথা বর্ণনা করল। তৃতীয় দিন সকালেও একই ঘটনা ঘটল। এবার পুত্রের জন্য আমার দুশ্চিন্তা হতে শুরু করলো। আমি তাকে একজন ইসলামীজ্ঞান সম্পন্ন ব্যক্তি যিনি স্বপ্ন ব্যাখ্যা করতে পারেন, তার কাছে নিয়ে যাবার সিদ্ধান্ত নিলাম।

সিদ্ধান্ত অনুযায়ী আমি ওসামাকে একজন ইসলামীজ্ঞান সম্পন্ন ব্যক্তির কাছে নিয়ে গেলাম এবং তাকে পুরো ব্যাপারটা খুলে বললাম। তিনি অবাক হয়ে আমাদের দিকে তাকালেন এবং বললেন, ‘এই কি আপনার সেই সন্তান

যে স্বপ্নটা দেখেছে?' আমি বললাম,'হ্যাঁ'। তিনি কিছুক্ষণ ওসামার দিকে তাকিয়ে থাকলেন। আমি আরও চিন্তিত হয়ে পড়লাম। তিনি আমাকে প্রবোধ দিলেন এবং বললেন, 'আমি আপনাকে কিছু প্রশ্ন করব। আমি নিশ্চিত আপনি সততার সাথে সেগুলোর উত্তর দিবেন।'

তিনি ওসামাকে জিজ্ঞেস করলেন, 'বাবা, ঘোড়সওয়ার সৈন্যটি তোমাকে যে পতাকা দিয়েছিল তোমার কি সেটার কথা মনে আছে?' ওসামা উত্তর দিল, 'হ্যাঁ, আমার মনে আছে।'

তিনি ওসামাকে জিজ্ঞেস করলেন, 'পতাকাটি কেমন ছিল তুমি কি তা বর্ণনা করতে পারবে?'

ওসামা বলল, 'ওটা দেখতে সৌদি আরবের পতাকার মতই ছিল, কিন্তু সবুজ নয় বরং কালো রঙের। আর ওটার উপরে সাদা রং দিয়ে কিছু একটা লিখা ছিল।'

এরপর তিনি ওসামাকে পরের প্রশ্ন করলেন, 'তুমি কি কখনো নিজেকে যুদ্ধরত অবস্থায় দেখেছ?' ওসামা উত্তর দিল, 'আমি প্রায়শই এমন স্বপ্ন দেখি।' এরপর তিনি ওসামাকে ঘর থেকে বাইরে যেতে বললেন এবং কুরআন তিলাওয়াত করতে বললেন।

এরপর তিনি আমার দিকে ফিরে জিজ্ঞেস করলেন, 'আপনার পূর্বপুরুষ কোথা থেকে এসেছে?'

আমি উত্তর দিলাম, ' ইয়েমেনের হাদরামাউত থেকে।' এরপর তিনি আমাকে আমার গোত্র সম্পর্কে আরও কিছু বলতে বললেন। আমি তাকে জানালাম যে আমরা শান্‌ওয়াহ্‌ গোত্রের সাথে সম্পর্কিত যা কিনা ইয়েমেনের একটি কাহতানী গোত্র। এরপর তিনি উচ্চস্বরে তাকবীর দিলেন এবং ওসামাকে কাছে ডেকে কাঁদতে কাঁদতে তাকে চুম্বন করলেন। তিনি আরও বললেন যে শেষ দিবসের লক্ষণগুলো প্রকাশিত হতে শুরু করেছে।

'ও মুহাম্মাদ বিন লাদেন, আপনার এই পুত্র ইমাম মাহদীর জন্য এবং ইসলামকে রক্ষা করার জন্য একটি সৈন্যবাহিনী প্রস্তুত করবে। সে খোরাসানে (আফগানিস্তান) হিজরত করবে। ও ওসামা! যে ব্যক্তি তোমার পাশে থেকে জিহাদ করবে সে সৌভাগ্যবান। আর যে ব্যক্তি তোমাকে ত্যাগ করবে এবং তোমার বিরুদ্ধে যুদ্ধ করবে সে সর্বনাশগ্রস্ত ও হতাশ হবে।' ”

অধ্যায় ১ : ১৯৭৯- ১৯৮৯ – এক নতুন ইসলামিক শতাব্দী

<u>রাশিয়ার বিরুদ্ধে আফগান জিহাদ</u>

“কে অধিক শক্তিশালী, আল্লাহ নাকি রাশিয়া?’ - আফগানিস্তানে মুজাহিদিনদের অনুপ্রেরনা দিতে গিয়ে আব্দুল্লাহ আযযাম।

১৯৭৯ ছিল হিজরী পঞ্চদশ শতাব্দীর প্রথম বছর। রাসূল [সাঃ] এর একটি হাদীস অনুযায়ী প্রতি শতাব্দী পর পর আল্লাহ তাঁর পছন্দনীয় ব্যক্তিদের (মুজাদ্দিদ) মাধ্যমে দ্বীন ইসলামকে পুনরুজ্জীবিত করবেন।

“ প্রতি শতাব্দীর শুরুতে আল্লাহ এই উম্মাহ থেকে একজন মানুষকে উত্থিত করবেন যে দ্বীনকে পুনরুজ্জীবিত করবে।” (সুনান আবু দাউদ, কিতাব ৩৭, কিতাব আল মালাহীম, হাদীস নন-৪২৭৮)

১৯২৪ সালে উসমানী খিলাফাতের পতনের পর থেকেই ইসলামের জন্য এক পুনঃজাগরণের প্রয়োজন ছিল । আফগানিস্তানের বিরুদ্ধে কমিউনিস্ট রাশিয়ার যুদ্ধ হয়ে ওঠে এই বহু প্রতীক্ষিত পুনঃজাগরণের কারণ।

আফগানিস্তানে মুসলিম উম্মাহর এই পুনঃজাগরণ, এই পুনরুত্থান ঘটেছিল দুজন ব্যক্তির মাধ্যমে - আব্দুল্লাহ আযযাম এবং ওসামা বিন লাদেন।

আব্দুল্লাহ আযযাম

আবদুল্লাহ ইউসুফ আযযাম

টাইম ম্যাগাজিন আব্দুল্লাহ আযযামকে অভিহিত করেছিল " বিংশ শতাব্দীতে জিহাদের পুনঃজাগরনের রূপকার" – বলে। দখলদারিত্বের ভেতরে জীবনযাপন করার প্রকৃত রূপ কি তা ফিলিস্তিনে জন্ম নেওয়া আব্দুল্লাহ আযযামের খুব ভালোভাবেই জানা ছিল। অল্প বয়স থেকেই আব্দুল্লাহ আযযাম ছিলেন চিন্তাশীল এবং কর্তব্যপরায়ণ। এই কর্তব্যপরায়ণতাই তাঁকে উদ্ভুদ্ধ করেছিলো ষাটের দশকে জর্ডান থেকে ইসরাইলের দখলদারিত্বের বিরুদ্ধে ফিলিস্তিনের জিহাদে যোগ দিতে।

কিন্তু তৎকালীন ফিলিস্তিনের বিদ্রোহীদের-এর অধিকাংশই ছিলো জাতীয়তাবাদী, যারা ইসলামকে একেবারেই গুরুত্বপূর্ণ মনে করতো না। আল্লাহ্‌র ইবাদাত করার বদলে তাঁদের সময় কাটতো তাস খেলে আর গান শুনে। এ সব কিছুই ছিলো আব্দুল্লাহ আযযামের অপছন্দনীয়।

একদিন কথাচ্ছলেই তিনি এক সহযোদ্ধাকে জিজ্ঞেস করলেন – ফিলিস্তিনের এই বিপ্লবের ধর্ম কি – যার জবাবে যোদ্ধাটি অত্যন্ত স্পষ্ট এবং রুঢ়ভাবে তাঁকে জানিয়ে দিলো – এই বিপ্লবের কোন ধর্ম নেই।

এই ঘটনার পরে ফিলিস্তিনের তৎকালীন বিপ্লবের উপর থেকে তাঁর মন পুরোপুরিভাবে উঠে গেলো। তিনি সৌদি আরবে চলে গেলেন সেখানকার বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষকতা করার উদ্দেশ্যে।

আফগান জিহাদের ডাক শোনামাত্রই তিনি ছুটে গিয়ে সেই ডাকে সাড়া দিলেন। এবং পরবর্তীতে তাঁর সমস্ত জীবন, তাঁর সমস্ত অস্তিত্বকে উৎসর্গ করলেন মুসলিম উম্মাহকে এই জিহাদের দিকে আহ্বান জানানোর জন্যে। তিনি শপথ করেছিলেন কোন ভাবেই জীবিত অবস্থায় আফগানিস্তানের মাটি ছেড়ে না যাবার। তাঁর আশা ছিলো আফগানিস্তানের মাটিতে আল্লাহ্‌র আদেশ অনুযায়ী ইসলামীক খিলাফাহ প্রতিষ্ঠা করার অথবা শাহাদাতের।

আফগান জিহাদে যোগ দেওয়ার জন্য সমগ্র বিশ্ব থেকে আগত মুজাহিদদের সাহায্য করা ও সহযোগিতা দেবার লক্ষ্যে ওসামা বিন লাদেনের সাথে মিলে তিনি প্রতিষ্ঠিত করেন "বাইত আল আনসার" (সাহায্যকারীদের আবাস)।

আফগান জিহাদের প্রতি মুসলিম উম্মাহকে আহ্বান জানানোর জন্য তিনি ছুটে গেলেন বিশ্বের এক কোণা থেকে আরেক কোণায়। সারা পৃথিবী ঘুরে ঘুরে তিনি মুসলিমদের বলতে শুরু করলেন ইসলাম ও মুসলিম ভূমি রক্ষার উদ্দেশ্যে একত্রিত হবার পবিত্র দায়িত্বের কথা। সমগ্র পৃথিবী জুড়ে ছড়িয়ে পড়লো তাঁর জিহাদের দাওয়াত। জিহাদের উপরে তিনি বেশ কিছু বইও লিখেছিলেন – যেমন, **Join the Caravan**, **Defense of Muslim Lands**, **A Message to Every Youth** ইত্যাদি. (তাঁর অনেক বইয়ের বাংলা অনুবাদও হয়েছে)।

এসময় তাঁর বয়স চল্লিশের উপরে হওয়া সত্ত্বেও তিনি সক্রিয়ভাবে সরাসরি আফগান জিহাদে অংশগ্রহন করেন। জিহাদের উদ্দেশ্যে তিনি ছুটে বেড়ান সমগ্র আফগানিস্তান – কখনো পূর্ব থেকে পশ্চিমে, কখনো বা উত্তর থেকে দক্ষিনে। রোদ-ঝড়-শীতকে উপেক্ষা করে- পাহাড় পাড়ি দিয়ে – কখনও ঠান্ডা বরফের উপর পায়ে হেটে, কখনো বা গাধার পিঠে চড়ে। এই দুর্গম যাত্রাপথে অনেক সময় তাঁর তরুন সাথীরা ক্লান্ত হয়ে পড়লেও, কোন ক্লান্তিই আব্দুল্লাহ আযযামকে স্পর্শ করতো না।

আব্দুল্লাহ আযযাম জিহাদ করেছিলেন সম্ভাব্য সবগুলো উপায়ে। তিনি সাড়া দিয়েছিলেন আল্লাহ্‌র ডাকে -

"তোমরা বের হয়ে পড় স্বল্প বা প্রচুর সরঞ্জামের সাথে এবং জিহাদ কর আল্লাহর পথে নিজেদের মাল ও জান দিয়ে, এটি তোমাদের জন্যে অতি উত্তম, যদি তোমরা বুঝতে পার।" (সূরা আত তাওবাহ : ৪১)

নিজ পরিবারকেও তিনি এই একই আদর্শে গড়ে তুলেছিলেন। এমনকি তাঁর স্ত্রী পর্যন্ত ইয়াতীমদের রক্ষণাবেক্ষণ এবং মানবসেবামূলক কাজের মাধ্যমে আফগান মুসলিমদের পাশে গিয়ে দাঁড়িয়েছিলেন।

তাঁর কাছে অসংখ্য বিশ্ববিদ্যালয় থেকে চাকরির প্রস্তাব আসলেও তিনি তার সবগুলোই ফিরিয়ে দিতেন। তিনি পরিষ্কারভাবে জানিয়ে দিয়েছিলেন শাহাদাত অথবা শত্রুর হাতে মৃত্যু না হওয়া পর্যন্ত তাঁর জিহাদ থামবে না। এবং তিনি বারবার এই কথা বলতেন যে শেষ পর্যন্ত তাঁর লক্ষ্য হল ফিলিস্তিনকে মুক্ত করা। তিনি সবসময় বলতেন-

“অন্য কোন জাতির পক্ষে কখনো মুসলিমদের পরাজিত করা সম্ভব না।আমরা মুসলিমরা কখনো আমাদের শত্রুদের কাছে পরাজিত হই না। বরং আমাদের পরাজয় ঘটে আমাদের নিজেদের হাতেই।”

ওসামা বিন লাদেন আফগানিস্তানে এসে প্রথমেই আব্দুল্লাহ আযযামের কাছে গেলেন এবং তাঁরা দুজন একসাথে কাজ করা শুরু করলেন।

<u>প্রথমবারের মতো আফগানিস্তানে আসলেন ওসামা</u>

কৈশোরের শেষ দিকে এসে ওসামা শুনতে পেলেন রাশিয়ানরা আফগানিস্তান আক্রমণ করেছে এবং এর ফলশ্রুতিতে মৃত্যুবরণ করেছে দশ লক্ষাধিক আফগান। এই খবর জানার পর, অন্য আরো অনেক মুসলিম আরবের মতো তিনি আফগানদের জন্য আর্থিক সহায়তা জোগাড় করলেন – এবং তাঁদের সাহায্য করার লক্ষ্যে আফগানিস্তান চলে গেলেন।

ওসামা বিন লাদেন

আফগানিস্তানে তাঁর সাথে দেখা হলো আব্দুল্লাহ আযযামের। আব্দুল্লাহ আযযাম আরব মুজাহিদীনদের থাকা-খাওয়া এবং অন্যান্য সাহায্য-সহযোগিতা করতেন এবং ওসামা সাউদী আরব থেকে এর জন্য প্রয়োজনীয় আর্থিক সাহায্যের যোগান দিতেন। আব্দুল্লাহ আযযামের উদ্দেশ্য ছিলো আফগানিস্তানের মুসলিমদের রক্ষা করা এবং সেখানে এমন একটি ইসলামিক রাষ্ট্র প্রতিষ্ঠা করা যার মাধ্যমে ইসলামের সত্যিকারের পুনঃজাগরণের শুরু হবে। মুসলিম বিশ্বের তাগুত শাসকেরা ১৯২৪ সালে উসমানী খিলাফার পতনের পর থেকেই বিভিন্ন কৌশলে প্রকৃত ইসলামিক রাষ্ট্রের প্রতিষ্ঠাকে বাধা দিয়ে আসছিলো – এমনকি সাউদী আরব, যেখানে কিছু কিছু ক্ষেত্রে শারীয়াহ আইন পালন করা হতো, প্রকৃত পক্ষে ছিলো পশ্চিমা বিশ্বের অধীনস্ত একটি অনুগত দালাল রাষ্ট্র। পরবর্তীতে (২০০০ সাল এং তার পরে) আল কায়েদার মূল লক্ষ্য হল কোন ভুখন্ডে পরিপূর্ণ ইসলামিক রাষ্ট্র (খিলাফাহ) প্রতিষ্ঠার পূর্বে সব ধরনের পশ্চিমা আধিপত্যকে সেই ভূখণ্ড থেকে অপসারণ করা।

যে সময়ের কথা হচ্ছে সে সময়টাতে আমেরিকা এবং সাউদী আরব উভয়ই ছিলো জিহাদের পক্ষে। কারণ আমেরিকার উদ্দেশ্য ছিলো সুপারপাওয়ার হিসাবে তাঁদের একমাত্র প্রতিপক্ষ সোভিয়েত রাশিয়াকে যেকোন মূল্যে সরিয়ে দেওয়া। এজন্য যদি গরীব আফগানদের অস্ত্র এবং প্রশিক্ষণ দিতে হয়, তাতেও আমেরিকা রাজী ছিলো। এরই ফলশ্রুতিতে আফগানরা গেরিলা যুদ্ধ,বোমা তৈরি, শত্রুর বিরুদ্ধে নাশকতামূলক কার্যক্রম এবং সমরাস্ত্র ব্যাবহারে প্রশিক্ষণ লাভ করে। কিন্তু যা এই সময়ে আমেরিকার জানা ছিলো না তা হলো, এই আফগানদের মাধ্যমেই পরবর্তীতে তাঁদের নিজেদের পতনের সূচনা হবে।

রাশিয়ার পরাজয়

রাশিয়ানদের সাথে মুজাহিদীনের অসংখ্য যুদ্ধ সংঘটিত হয়। জালালুদ্দীন হাক্কানীদের মতো কম্যান্ডারদের কাছ থেকে আমরা এরকম অনেক কারামাতের ঘটনা শুনতে পেয়েছি যেখানে মুজাহিদীনের সম্বল ছিলো ব্রিটিশ আমলের তিনটি রাইফেল মাত্র [যা উনবিংশ শতাব্দীদে ব্রিটিশদের হারিয়ে আফগানরা গানীমাহ হিসেবে পেয়েছিলো] - এবং এই সামান্য ব্রিটিশ আমলের রাইফেলের একটি গুলিতেই আল্লাহ্ সুবহানাহু ওয়া তাআলার ইচ্ছায় আলৌকিকভাবে রাশিয়ানদের ট্যাঙ্কগুলো বিস্ফোরিত হয়ে ধ্বংস হয়ে যেত।

জালালুদ্দীন হাক্কানি

অনেক আফগান কমিউনিস্ট এসব কারামাত প্রত্যক্ষ করার পর দলবল নিয়ে অস্ত্র সহ মুজাহিদীনের কাছে আত্মসমর্পণ করে – এবং তাঁদের সব অস্ত্র মুজাহিদীনের হাতে চলে আসতো।

অনেক ক্ষেত্রেই দেখা যেতো আফগান কমিউনিস্টরা তাঁদের রাশিয়ান প্রভুদের উপর অসন্তুষ্ট।

জালালুদ্দীন হাক্কানী এরকম আরেকটি ঘটনার বর্ণনা দেন যেখানে কম্যান্ডার হাক্কানীর দলের মুজাহিদ এবং আফগান কমিউনিস্টদের মধ্যে যুদ্ধ চলছিলো। যুদ্ধচলাকালীন অবস্থায় হঠাৎ করেই একজন আফগান কমিউনিস্ট গুলি করে তাঁর নিজের কম্যান্ডারকে মেরে ফেললো, এবং তারপর সদলে কম্যান্ডার হাক্কানীর দলে যোগ দিলো। এবং এর মাধ্যমে মুজাহিদীনের প্রভাব বৃদ্ধি পেলো।

আফগানিস্তানে সজ্ঘটিত একটি কারামতের বর্ণনা -

যোদ্ধারা পাহাড়ের চূড়ার মাঝে ছড়িয়ে গিয়ে বিভিন্ন অবস্থান গ্রহণ করল আর দিন বাড়ার সাথে সাথে দূর থেকে ট্যাংক বাহিনী এর গর্জন শোনা যেতে লাগল। যেই মুহূর্তে প্রথম ট্যাঙ্কটি পাহাড়ের মাঝে সঙ্কীর্ণ গিরিপথের মুখে প্রবেশ করল সে মুহুর্তে আল্লাহু আকবার রব তুলে মুজাহিদীনরা এই ট্যাংক বাহিনীর ওপর গুলিবর্ষণ করতে লাগলেন। যে ট্যাঙ্কগুলো তখনো গিরিপথে প্রবেশ করেনি তাদের ভারী মেশিনগান মুজাহিদীনদের উপর গুলি করা শুরু করল। মেশিনগানের গুলির আওয়াজ আর ছিটকে আসা টুকরো টুকরো পাথরের হট্টগোলের এর মাঝে হঠাৎ করে এক বিকট বিস্ফরণের শব্দে চারপাশ প্রকম্পিত হয়ে উঠল। সবাই অবাক হয়ে প্রথম ট্যাঙ্কটিকে বিস্ফোরিত হয়ে চারদিকে এর ছিন্নভিন্ন টুকরো গুলোকে ছড়িয়ে যেতে দেখল। আহমাদ গুল তার পুরনো রাইফেল উচিয়ে করে চিৎকার করে বলে উঠলেন "আল্লাহু আকবার। আল্লাহর পাঠানো বিজয় ও সাফল্য চলে এসেছে!"

এবার গিরিপথের বাইরে দাঁড়িয়ে থাকা একটি জ্বালানী ট্রাককে এক রাউন্ড গুলি এসে আঘাত করল এবং তাতে আগুন ধরে তা কিছুক্ষনের মধ্যে বিস্ফোরিত হল। তা চূর্ণবিচূর্ণ হয়ে গেল আর এর বহন করে আনা গোলা-বারুদের কারণে চারপাশে বিরাট ধ্বংস সাধন হল। এরপর এমন একটি ঘটনা ঘটল যা আগে কেউ ভাবতে পারে নি - সৈন্যরা ট্যাঙ্ক গুলোকে গিরিপথের মুখে ও বাইরে রেখে সেখান থেকে লাফিয়ে বের হতে লাগল আর সেনাবাহিনীর চলাচল পুরোপুরি বন্ধ হয়ে গেল।

লড়াইয়ের শেষ দিকে, যুদ্ধবন্দী হিসেবে নিয়ে আসা ট্যাঙ্কের একজন কমান্ডার জানালো যে তারা ভেবেছিল মুজাহিদীন প্রথম ট্যাঙ্কটিকে একটি রকেট দিয়ে আঘাত করেছে। এতে সৈন্যরা যারা গিরিপথের দেয়ালের মাঝে ট্যাঙ্কের ভিতর আটকা পড়েছিল তারা ভীত সন্ত্রস্ত হয়ে পড়ে। তাই তারা ট্যাঙ্কের উপরের দরজা খুলে বাইরে বেরিয়ে আসে এবং মুজাহিদীনদের সাথে গুলিবিনিময় করার জন্য পাথরের পিছে অবস্থান নেয়। এটা ছিল মুজাহিদীনদের জন্য একটা একটা করে শত্রুসৈন্য গুলি করে হত্যা করার এক সুবর্ণ সুযোগ, কারণ মুজাহিদীনরা ছিলেন প্রকৃতিগতভাবেই নির্ভুল লক্ষ্যভেদকারী।

শত্রুসৈন্যরা পরোপুরি ভাবে পরাজিত হল এবং মুজাহিদীনরা গানীমাহ হিসেবে অসংখ্য অটোমেটিক রাইফেল, মিডিয়াম মেশিন গান, পরিবহন গাড়ি ও ট্যাঙ্ক লাভ করলেন। কিন্তু এই সব কিছুর চাইতে গুরুত্বপুর্ণ ছিল যে তারা আরপিজি-৭ অ্যান্টি আর্মার গ্রেনেড লাভ করেছিলেন। এটা ওই অঞ্চলের যুদ্ধের ধারায় আমূল পরিবর্তন নিয়ে আসে। এই লড়াইয়ের পরে মুজাহিদীনদের কাছে ট্যাঙ্ক আর আতঙ্কের কোন বিষয় হিসেবে থাকল না এবং তারা অস্ত্রের আক্রমণের বিপক্ষে আরও কৌশলী ও দক্ষ হয়ে উঠলেন।

যাবার পথে রাস্তায় প্রবীণ শেখ মাহমুদ লালা জালাল আল-দীন এর কানের কাছে ফিসফিস করে বললেন, “জালাল আল-দীন, আমাকে বল সামনের ওই ট্যাঙ্কটার আসলে কি হয়েছিল?” চিন্তায় নিমগ্ন থাকা জালাল আল-দীন তাকে গভীরভাবে উত্তর দিলেন, “সুবহানআল্লাহ শেখ মাহমুদ, আমি কি আপনাকে বলিনি যে এগুলো হল জিহাদের রহমত। যারা আল্লাহর পথে থাকে আল্লাহ তাদের সাথে থাকেন ও সাহায্য করেন।”

পরবর্তীতে এই দলটিই হাক্কানী নেটওয়ার্ক নামে পরিচিতি লাভ করে এবং একবিংশ শতাব্দীর প্রথম দশকে সবচেয়ে শক্তিশালী আফগান গেরিলা শক্তি হিসাবে আত্মপ্রকাশ করে। রাশিয়ার বিরুদ্ধে জিহাদের সময় জালালুদ্দীন হাক্কানী এবং আব্দুল্লাহ আযযামের মধ্যে অত্যন্ত অন্তরঙ্গ বন্ধুত্ব গড়ে ওঠে। সমগ্র নব্বইয়ের দশক এবং ২০০০ সাল পর্যন্ত হাক্কানী নেটওয়ার্ক, জালালুদ্দীন হাক্কানীর অধীনেই তাঁদের কার্যক্রম চালু রাখে। পরবর্তীতে বার্ধক্যের কারনে জালালুদ্দীন হাক্কানী – হাক্কানী নেটওয়ার্কের নিয়ন্ত্রন তাঁর ছেলে সিরাজুদ্দীন হাক্কানী, যিনি নিজে একজন মুজাহিদ এবং অভিজ্ঞ যোদ্ধা, তাঁর হাতে সমর্পণ করেন।

শুরুর দিকের তালিবান

রাশিয়ানদের বিরুদ্ধে জিহাদে ওমরের (এই ওমরই পরবর্তীতে মোল্লা ওমর নামে পরিচিতি লাভ করে) মত অনেক যুবক অংশগ্রহণ করেছিল। এক লড়াইয়ে তার একটি চোখ গুলিতে নষ্ট হয়ে যায়। কিন্তু এটি তার মনোবলে একটুও চিড় ধরাতে পারেনি।

মোল্লা মুহাম্মাদ ওমর

এইসব যুবক ধর্মভীরু পরিবার থেকে উঠে এসেছিল, তাদের শিখানো হয়েছিল কোন আক্রমণকারী সৈন্যবাহিনী যদি মুসলিম ভূমির এক মুঠো পরিমাণ জমিও দখল করে তাহলে তাদের বিরুদ্ধে লড়াই করতে হবে।

এইসব পুরুষ ছিল জন্মসূত্রে যোদ্ধা, দুঃসাহসী ও নির্ভীক। তাদের আরব ভাইদের মত তারাও ইসলাম ছাড়া অন্য কোন জীবনাদর্শের কাছে মাথা নত করতে রাজী নয়, যে ইসলাম আফগানরা আজ থেকে প্রায় ১০০০ বছর আগে নিজেদের জীবনে গ্রহণ করেছে। আফগানিস্তানকে ডাকা হত 'সাম্রাজ্যবাদের কবরস্থান'। পরবর্তী ৩০ বছরে বিশ্বের পরাশক্তিগুলোর সাথে আফগানিস্তানের যুদ্ধ যেন এই নামটিকে ক্রমাগত পরীক্ষা করতে থাকে।

আফগানিস্তানে রাশিয়া পরাজিত হলো

রাশিয়ানদের শক্তিশালী বিমানবাহিনী আফগানদের বিধ্বস্ত করে ফেলে। তাদের তীব্র গোলাবর্ষণে শহরের পর শহর ধ্বংস হয়ে যেত। রাশিয়ানরা মধ্য এশিয়ায় (আরবিঃ খোরাসান) সমাজতন্ত্র প্রতিষ্ঠিত করার লক্ষ্যে এবং

তাদের প্রতিপক্ষ আমেরিকানদের সাথে পাল্লা দিয়ে বিশ্বে কর্তৃত্ব প্রতিষ্ঠার জন্য আফগানদের পরাভূত করতে চেয়েছিল।

আফগানরা হিন্দুকুশ পর্বতের পাহাড়ি এলাকায় আশ্রয় গ্রহণ করতো, যা ছিল বিমান আক্রমণের বিপক্ষে এক প্রাকৃতিক আশ্রয়কেন্দ্র। কিন্তু তারা রাশিয়ানদের যুদ্ধবিমানের আক্রমণের বিরুদ্ধে কোন পাল্টা হামলা চালনোর ব্যাপারে অক্ষম ছিল।আমেরিকা আফগানদের স্টিংগার মিসাইল সরবরাহ করে, এটা ছিল আধুনিক ভূমি থেকে আকাশে নিক্ষেপযোগ্য মারনাস্ত্র যা যুদ্ধবিমান গুলি করে নামাতে পারত। এটা পরবর্তীতে রাশিয়ানদের প্রধান শক্তি বিমানবাহিনীকে ধ্বংস করতে মূল ভূমিকা পালন করে।

আবদুল্লাহ আযযাম এবং ওসামা বিন লাদেন আরব ও আফগান যোদ্ধাদেরকে অবিরাম সাহায্য ও সেবা প্রদান করতে থাকেন। এমনকি তারা নিজেরাও অনেক লড়াইয়ে অংশ নিয়েছিলেন। বিশ্বপরাশক্তির বিরুদ্ধে আফগানিস্তানের যুদ্ধে ‘সাহাবাদের সন্তান’ এই আরবদের অংশগ্রহণে আফগানরা অত্যন্ত সম্মানিত বোধ করতেন।

এসকল লড়াইয়ের সময় আল্লাহর পক্ষ থেকে অনেক কারামাতেরর প্রকাশ হয়, যেমন- পাখিরা মিসাইলের উপরে উড়তে থাকা অবস্থায় যোদ্ধাদেরকে মিসাইলের গতিপথ সম্পর্কে অবহিত করত, অন্যান্য সময়ে দেখা যেত যে কারো কারো শরীরের উপর দিয়ে ট্যাঙ্ক চলে গিয়েছে বা গায়ে গুলি লেগেছে কিন্তু অবিশ্বাস্যভাবে তারা কোন রকম আঘাত ছাড়াই বেঁচে গিয়েছেন। শহীদ যোদ্ধাদের শরীর থেকে স্বর্গীয় গন্ধ বের হত (আরব ও আফগানদের মতে এটা জান্নাতের সুগন্ধ, যেখানে শহীদদের আত্মা এখন বাস করছে)। অপরদিকে শত্রুপক্ষের মৃতদের শরীর থেকে পঁচা গন্ধ বের হত, সেগুলোকে অনেক সময় ফেলে যাওয়া হত এবং লাশগুলো কুকুর খেয়ে ফেলত। (আরও কারামাহ সম্পর্কে জানতে পড়ুন আবদুল্লাহ আযযামের বইঃ “আফগান জিহাদে আর- রহমানের নিদর্শন)।

সরবরাহ পথ বন্ধ করে দেয়ার সমরকৌশল

রাশিয়ানদের বিরুদ্ধে দাঁড়িয়ে যাওয়া আরব-আফগান ইসলামী প্রতিরোধ তাদের শক্তিশালী শত্রুদের পরাজিত করতে একটি নতুন কৌশল শিখে ফেলল। তারা জানত যে আফগানিস্থানে থাকা কমিউনিস্টরা অস্ত্র ও জ্বালানীর যোগানের জন্য পার্শ্ববর্তী মধ্য এশিয়ার দেশগুলো থেকে আফগানিস্তানে প্রবেশ করা সরবরাহ পথের উপর নির্ভর করত। তারা নিরবিচ্ছিন্নভাবে এই পথ লক্ষ্য করে হামলা করতো যাতে করে আফগানিস্তানে কমিউনিস্ট বাহিনীর অস্ত্র ও জ্বালানীর মজুদ শেষ হয়ে যায়। পরবর্তীতে এটাই কমিউনিস্টদের পরাজয়ের কারন হয়ে দাঁড়ায়। তাদের এই হামলাগুলোর পাশাপাশি অনেক ক্ষেত্রে এও দেখা যেত যে অনেক আফগান তাদের কমিউনিস্ট কমান্ডারদের বিরুদ্ধে বিদ্রোহ করত এবং তাদেরকে গুলি করে চলে আসত।

স্টিংগার মিসাইল ব্যবহার করে রাশিয়ার বিমান বাহিনীকে গুড়িয়ে দেয়া, কমিউনিস্টদের সরবরাহ পথে অতর্কিত আক্রমণ করা, আফগানিস্তানে কমিউনিস্ট কমান্ডারদেরকে নিজ দলের লোক কর্তৃক হত্যা- এ সবকিছুই রুশ পরাশক্তির ক্ষমতা, মনোবল ও আর্থিক সামর্থ্য ধ্বংসের কারণ হয়ে দেখা দেয়। তারা বিশ্বের দরিদ্রতম এক জনগোষ্ঠির হাতে নিজেদের বিলিয়ন বিলিয়ন ডলারের ধ্বংসযজ্ঞ প্রত্যক্ষ করে। এটাই রাশিয়ান সমাজতান্ত্রিক আন্দোলন (ইউ.এস.এস.আর) ও লাল বাহিনীর শেষের শুরু।

রাশিয়ান সমাজতান্ত্রিক আন্দোলন এই যুদ্ধের পর আর কখনোই পরিপূর্ণ ভাবে পুনরুজ্জীবিত হয়নি। কয়েক লক্ষ আফগান যোদ্ধা ও নিরপরাধ লোকের মৃত্যুর মধ্য দিয়ে আফগানরা ১০ বছর ধরে চলে আসা বহিঃশক্তির কর্তৃত্ব থেকে মুক্ত হল। ২০ বছর পর এই একই সমরকৌশল ব্যবহার করে আফগানরা আরও একবার সাম্রাজ্যবাদী দখলদার পশ্চিমা বাহিনীকে পরাজিত করে।

অধ্যায় ২ : ১৯৮৯ -২০০০, আন্দোলনের ভিত্তি স্থাপন

<u>আফগান গৃহযুদ্ধ এবং আল কায়েদার সূচনা</u>

রাশিয়ানরা আফগানিস্তান ছেড়ে যাবার সাথে সাথেই, চারিদিকে চরম নৈরাজ্য ছড়িয়ে পড়ে। যেসব দল এবং গোত্রগুলো মাত্র কিছুদিন আগেও আক্রমণকারী রাশিয়ার বিরুদ্ধে এক হয়ে যুদ্ধ করছিলো, তাঁরাই ক্ষমতার জন্য এখন একে অপরের সাথে লড়াই শুরু করে দিলো। দুর্নীতি আর অনিয়ম চারিদিকে ছড়িয়ে পড়লো।জায়গায় জায়গায় মুসাফির আর পথিকদের কাছ থেকে চাঁদা উঠানোর জন্য টোলবুথ গজিয়ে গেলো। প্রতি মাইল পর পর পথিক-মুসাফিরদের ভিন্ন ভিন্ন জুদ্ধবাজ নেতাদের চাঁদা দিতে হত।

কারো যদি অনুগত যোদ্ধা, অস্ত্র এবং ট্রাক না থাকতো তাহলে সে ছিলো অসহায়। নিরাপত্তার জন্য আল্লাহ্‌র দরবারে দুআ করা ছাড়া তার অন্য কোন উপায় ছিল না। এই নৈরাজ্যময় পরিস্থিতির মাঝে ইসলামী দলগুলো তাঁদের অস্তিত্ব টিকিয়ে রাখলেও তাঁরা বিভিন্ন এলাকায় ছড়িয়ে-ছিটিয়ে ছিল। আর ক্ষমতালোভী গোত্রীয় দলগুলো চারিদিকে গণহত্যা, ধর্ষণ আর লুটের রাজত্ব কায়েম করে দিলো।

রাশিয়ার বিরুদ্ধে জিহাদ চলাকালীন অবস্থায় তাঁদের সংগঠনের ভিত্তি এবং আফগান এবং আরব মুজাহিদদের মধ্যে মতপার্থক্য কিভাবে সামলানো উচিত তা নিয়ে আব্দুল্লাহ আযযাম এবং ওসামা বিন লাদেনের মধ্যে বিস্তর

আলোচনা হয়। আব্দুল্লাহ আযযামের মত ছিলো যে আরবদের উচিত আফগানদের সাথে একীভূত হয়ে যাওয়া এবং দীর্ঘমেয়াদে আফগানিস্তানে ইসলামী খিলাফাহ প্রতিষ্ঠা করার জন্য কাজ করা। এ বিষয়ে ওসামা কিছুটা ভিন্নমত পোষণ করতেন। তাঁর মত ছিলো আরব মুজাহিদদের প্রশিক্ষণ দিয়ে একটি এলিট ফোর্স হিসেবে তৈরি করা, যাতে করে তাঁরা বিভিন্ন মুসলিম দেশে তাঁদের গেরিলা যুদ্ধের কৌশল এবং বিশ্বব্যাপী ইসলামী বিপ্লবের আদর্শ ছড়িয়ে দিতে পারেন। ওসামার মতে বিশ্বব্যাপী মুসলিম উম্মাহকে একীভূত করা ছাড়া দীর্ঘমেয়াদী ইসলামিক খিলাফাহ নিশ্চয়তা দেওয়া সম্ভব না।

তাঁদের দুজনের এই মতপার্থক্যের কোন সুরাহা হবার আগেই ১৯৮৯ সালের এক শুক্রবার, জুমআর সালাতে শরীক হবার পথে, গাড়িতে লুকানো বোমার বিস্ফোরনে, স্বীয় দুই পুত্রসহ আব্দুল্লাহ আযযাম মৃত্যুবরণ করেন। (অনেকেই এই ঘটনার জন্য দায়ী করেন আফগান কমিউনিস্টদের যাদের তখনো পর্যন্ত আফগানিস্তানে কিছুটা উপস্থিতি ছিলো)

ওসামা এবং আফগান-আরবেরা

আফগান জিহাদ শেষ হবার পর অনেক আরব মুজাহিদ তাঁদের নিজ দেশে ফেরত যাবার চাইতে আফগানিস্তানে থেকে যাওয়াকেই শ্রেয় মনে করলেন। তাঁদের আশঙ্কা ছিলো পশ্চিমা বিশ্বের হাতের পুতুল, তাগুত আরব শাসকেরা তাঁরা দেশে ফেরা মাত্রই তাঁদের উপর নানা অত্যাচার-নিরযাতন শুরু করে দেবে। তাঁদের এই আশঙ্কা অমূলক ছিলো না। যেসব আরব মুজাহিদ ফেরত গেলেন তাঁরা নিজ দেশের অন্ধকার কারাগারে অবর্ণনীয় নির্যাতনের স্বীকার হন। তাগুত আরব শাসকগোষ্ঠী এই আফগান ফেরত মুজাহিদদের তাঁদের ক্ষমতার প্রতি মারাত্মক হুমকি মনে করতো – এবং এ কারনে তাঁদের উপর অবর্ণনীয় অত্যাচার চালাতো।

যেসব আরব মুজাহিদ আফগানিস্তানে রয়ে গেলেন তাঁরা বিয়ের করার মাধ্যমে আফগান এবং পাকিস্তানী জনগনের সাথে আত্মীয়তাঁর সম্পর্ক স্থাপন করলেন। এরকম ঘটনা বেশ বিরল, কারণ আফগানরা সাধারণত তাঁদের মেয়েদের নিজ জাতির বাইরে বিয়ে দিতে চাইতো না। সুতরাং এর থেকে বোঝা যায় আরব মুজাহিদদের আফগানরা কতোটা শ্রদ্ধা করতো এবং আপন মনে করতো। পরবর্তীতে এই আরবরাই আফগান-আরব নামে পরিচিতি লাভ করেন।

ঠিক একইসময় আফগানিস্তানে অবস্থান করছিলেন আরেক দল আরব। তাঁরা পরিচিত ছিলেন ‘মিশরীয় আরব’ নামে, এবং তাঁদের পরিকল্পনা ছিলো কিছুটা ভিন্ন। সাইদ কুতুবের শিক্ষায় অনুপ্রানিত এসব আরবদের উদ্দেশ্য ছিল, বিপ্লবের মাধ্যমে ইসলামের শত্রু এবং পশ্চিমা বিশ্বের হাতের পুতুল তাগুত আরব শাসকদের উৎখাত করা। এদের মধ্যে ছিলেন আইমান আল যাওয়াহিরী (আল কায়েদার বর্তমান নেতা), সাইফ আল আদলী এবং সামরিক অভিজ্ঞতা সম্পন্ন আরো কিছু মিশরীয় আরব।

এই যোদ্ধাদের চিন্তা করছিলেন কিভাবে তাগুত শাসকদের উৎখাত করে ইসলামী রাষ্ট্রব্যবস্থা কায়েমের লক্ষ্যে আফগানিস্তানকে একটি ঘাঁটি হিসেবে ব্যাবহার করা যায়। আফগান জিহাদের আগে, আনোয়ার সাদাতের শাসনামলে এই তাগুত সরকারগুলো মিশরের কারাগারগুলো ব্যাবহার করে এই যোদ্ধাদের উপর নিষ্ঠুর, পাশবিক নির্যাতন চালাচ্ছিলো। এই আনোয়ার সাদাত সামরিক অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতায় এসেছিলো এবং ইসরাইলের সাথে চরম অপমানজনক এক শান্তিচুক্তি সই করেছিলো।

আফগান জিহাদের আগে কারাগারে বন্দী নির্যাতিত এসব যোদ্ধা আফগানিস্তানের মাটিতে ছিলেন মুক্ত। এই মাটি তাঁদের এনে দিয়েছিলো ভবিষ্যত কর্মপদ্ধতি নিয়ে পরিকল্পনা করার এক সুবর্ণ সুযোগ।

১৯৯০-১৯৯৬, সৌদি আরবে ওসামার প্রত্যাবর্তন

অভিজাত এবং সম্মানীত পরিবারের সন্তান হবার সুবাদে আফগানিস্তান থেকে ফিরে ওসামা খুব সহজেই তাঁর পুরনো জীবনে ফিরে যেতে পারলেন। কিন্তু আফগানিস্তানের জিহাদের সাফল্য তাঁর মনে দৃঢ় বিশ্বাস স্থাপন করেছিলো যে মুসলিমরা যদি সত্যিকারভাবে চেষ্টা করে তাহলে বহিঃশক্তির প্রভাব মুক্ত করে উম্মাহর অতীত গৌরবের দিনগুলিকে আবারও ফিরিয়ে আনা সম্ভব। তাঁর ইচ্ছা ছিলো উম্মাহর এই পরিবর্তনের সূচনা করা, তিনি নিজের অতীতের আরামের দিনগুলোতে ফেরত যেতে ইচ্ছুক ছিলেন না।

এসময়ে ইরাকে বসে সাদ্দাম হুসেইন তাঁর পার্শ্ববর্তী অঞ্চলগুলো আক্রমণ করার হুমকি দিচ্ছিলো। একজন কট্টর আরব জাতীয়তাবাদী হওয়া সত্ত্বেও, অন্য অনেক আরব শাসকদের মতো সাদ্দাম ইরাকের জনগণকে ইসলামী শিক্ষা গ্রহন করতে বাধা দেয়নি। (পরবর্তীতে এটি আমেরিকার ইরাক অভিযানের ব্যর্থতার প্রধান একটি কারণ হিসেবে প্রমানিত হয়)। এসময় সাদ্দাম হুমকি দিচ্ছিলো কুয়েত আক্রমণের – এবং ওসামা জানতেন যে তারপর সাদ্দামের টার্গেট হবে সাউদী আরব।

ওসামা সাউদী রাজা ফাহাদকে পরামর্শ দিলেন সাদ্দামের এই হুমকি আগে থেকেই মোকাবেলা করার। তিনি আফগান জিহাদের অভিজ্ঞতাসম্পন্ন এক লক্ষ মুজাহিদ নিয়ে সাদ্দামের আক্রমণ মোকাবেলা করার প্রস্তাব দিলেন। সেইসময় পর্যন্ত ওসামা সৌদির রাজাকে সম্মান করতেন এবং তাঁকে ওয়ালী আল আমর (রক্ষক এবং নেতা – যার আনুগত্য করা উচিত) বলে সম্বোধন করতেন। কিন্তু সৌদি রাজা ওসামার এই প্রস্তাব হেসে উড়িয়ে দিলেন এবং সৌদি আরবকে রক্ষা করার জন্য আমেরিকার সৈন্যবাহিনীকে সৌদি আরবে প্রবেশের অনুমতি দিলেন! এই ঘটনা একই সাথে ওসামাকে স্তম্ভিত এবং ক্রুদ্ধ করে তুললো।

বারবার ওসামা শুধু চিন্তা করতে থাকলেন দুই পবিত্র মসজিদের (মক্কা ও মদীনাতে) ভূমিতে কি করে ফাহাদ কাফির সৈন্যদলকে ঢুকতে দিলো?

“মুশরিকীনদের আরব উপদ্বীপ থেকে বের করে দাও” – রাসূল [সাঃ] এর একটি অতি প্রসিদ্ধ হাদীস, যার উপর ভিত্তি করে আমীরুল মুমিনীন ঊমার ফারুক (রাঃ) ইয়াহুদী এবং খ্রিস্টানদেরকেও আরব উপদ্বীপ থেকে বহিষ্কার করেন।

সুতরাং মুসলিম পুরুষরা জীবিত থাকা অবস্থায় কিভাবে রাসূল[সাঃ] –এর জন্মভূমি, মুসলিম উম্মাহর সবচাইতে পবিত্র ভূমিকে রক্ষার জন্য কিভাবে কাফির আমেরিকান সৈন্যদের সহায়তা নেওয়া সম্ভব! আবার এই আমেরিকান সৈন্যদের মধ্যে অনেক আবার মেয়ে! অথচ মুসলিম পুরুষরা এখনো জীবিত! কোন ভাবেই ওসামা এই অপমান এবং সীমালঙ্ঘনকে মেনে নিতে পারছিলেন না।

এসব কারনে সৌদি রাজার প্রতি ওসামার মনে তীব্র বিতৃষ্ণার সৃষ্টি হয়। রাসূল[সাঃ] – এর জন্মভূমির উপর কাফির আমেরিকার দখলদারিত্ব মেনে নেওয়া তাঁর পক্ষে সম্ভব ছিলো না। তিনি ঠিক করলেন আমেরিকার দখলদারিত্ব থেকে ইসলামের পবিত্র ভূমি রক্ষার জন্য যদি আর কেউ কোন কিছু না করে, তাহলে তিনিই চেষ্টা করবেন।

সৌদি আরব থেকে সুদানে

নব্বই দশকের মাঝামাঝি সময়ে সুদানের শাসক ছিলেন হাসান আল তুরাবী। সুদানের কাছে আশ্রয় চাওয়া যেকোন মুসলিমকে তাঁর সরকার এই সময় নাগরিকত্ব প্রদান করছিলো। আফগানিস্তানের তীব্র গৃহযুদ্ধ এড়াতে এসময় অনেক আফগানী-আরবই সুদানে আশ্রয় গ্রহণ করেন।

এসময় ওসামাও সাউদী ছেড়ে সুদানের দিকে পা বাড়ালেন এবং সুদানে বিভিন্ন খাতে বিনিয়োগ করা শুরু করলেন। এসময়টাতে তিনি মূলত তাঁর ব্যবসা, খামার ও চাষবাস, মসজিদে সালাত আদায় করা এবং সাধারন ইসলামী জীবনযাপনে মনোনিবেশ করেন।

পিতার মতো ওসামাও ছিলেন একজন নির্মাতা। এসময় তিনি সুদানের মুসলিমদের জন্য রাস্তাঘাট নির্মাণসহ নানা নির্মাণ কাজ শুরু করেন। এসব খাতে তিনি বেশ কয়েক মিলিয়ন ডলার বিনিয়োগ করেন।

কিন্তু এতো কিছু সত্ত্বেও তিনি পবিত্র ভূমির উপর আমেরিকার দখলদারিত্বের কথা বিস্মৃত হন নি। শত ব্যস্ততাঁর মাঝেও তিনি সারাক্ষণ চিন্তা করছিলেন কিভাবে আমেরিকাকে পরাজিত করা যায়। অচিরেই এক সমাধান তাঁর সামনে উপস্থিত হল।

যুদ্ধের শুরুঃ ব্ল্যাক হক ভূপাতিত!

সোমালিয়াতে আমেরিকান ও সোমালিদের মধ্যে একটা ছোটখাটো যুদ্ধ সঙ্ঘটিত হয়। ওসামা এবং তাঁর অনুগত মুজাহিদীন –যারা এসময় আনফিসিয়ালী আল কায়েদা আল জিহাদ (বিশ্বব্যাপী জিহাদের ঘাঁটি) নামে পরিচিত ছিলো – এই যুদ্ধে সোমালিদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে আমেরিকানদের বিরুদ্ধে যুদ্ধ করে।

এই যুদ্ধে আমেরিকার মূল কৌশল ছিলো তাঁদের **Black Hawk** হেলিকপ্টারগুলো দিয়ে আক্রমণ করা।

একরকম আকস্মিকভাবেই এসময় আল কায়েদার মুজাহিদরা এক নতুন যুদ্ধকৌশল আবিষ্কার করেন। তাঁরা দেখতে পেলেন **RPG** দিয়ে রকেট প্রপেলড গ্রেনেড ছুড়ে যদি হেলিকপ্টারের লেজে লাগানো যায়, তাহলে সেই হেলিকপ্টারে খেলা শেষ! ভূপাতিত হওয়া ছাড়া তাঁর আর কোন উপায় নেই।

বেশ জটিল ও কষ্টসাধ্য হওয়া সত্ত্বেও আল কায়েদা তাঁদের এই কৌশলের মাধ্যমে সফলতা অর্জন করে এবং ব্ল্যাক হক হেলিকপ্টার ভূপাতিত করতে সক্ষম হন। ফলে লেজ গুটিয়ে হেলিকপ্টার নিয়ে পালিয়ে যাওয়া ছাড়া আমেরিকানদের আর কোন উপায় ছিলো না। পরবর্তীতে এ এক ইউনিক আল কায়েদা রণকৌশল হিসেবে পরিচিত লাভ করে। হলিউডের বিখ্যাত ছবি **Black Hawk Down** এই ঘটনার উপর ভিত্তি করেই বানানো হয়।

এই ঘটনার মাধ্যমে ওসামার কাছে পরিস্কার হয়ে গেলো যে আমেরিকানরা কাগুজে বাঘ ছাড়া আর কিছুই না। বাইরে থেকে দেখে অনেক ভয়ঙ্কর ও ভীতিকর মনে হলেও, ভেতরে তাঁরা দুর্বল, ভীরু এবং কাপুরুষ। এ ঘটনা তাঁর আত্মবিশ্বাসকে কয়েক গুনে বাড়িয়ে দেয়, এবং পবিত্র মুসলিম ভূমি দখলদারিত্ব উৎখাতে আমেরিকানদের বিরুদ্ধে জিহাদে তিনি আরো বেপরোয়া হয়ে ওঠেন।

এসময় তিনি পারমাণবিক অস্ত্র কেনারও চেস্টা চালান কারণ আক্রমণ প্রতিরোধক অস্ত্র **–Deterrent Weapon –** হিসেবে পারমাণবিক অস্ত্রই সবচেয়ে শ্রেষ্ঠ। বেশ কয়েক বার ঠকবার পর, এবং কয়েক মিলিয়ন ডলার খরচ করার পরও তিনি তাঁর এই প্রচেস্টা অব্যহত রাখেন। ফলে অস্ত্র বাণিজ্যে তাঁর অভিজ্ঞতা বৃদ্ধি পায়। পরবর্তীতে এই অভিজ্ঞতা পুজি করে আল কায়েদার উপর ফেলা আমেরিকার অবিস্ফোরিত বোমা তিনি লক্ষ লক্ষ ডলারে আন্তর্জাতিক ক্রেতাদের (যেমন-চীন) কাছে বিক্রি করেন।

দীর্ঘমেয়াদী লক্ষ্য

ওসামার পরবর্তী দীর্ঘমেয়াদী লক্ষ্য ছিলো আমেরিকার স্পর্শকাতর জায়গাগুলোকে টার্গেট বানানো এবং সেসব জায়গায় আঘাত হানা। প্রথমে তিনি কেনিয়াতে আমেরিকান দূতাবাসে আঘাত করলেন। তারপর **৯/১১**-এর ঠিক

একবছর আগে তিনি ইয়েমেন সমুদ্রে অবস্থিত মার্কিন জাহাজ ইউ.এস.এস কোলে হামলা করেন। আল কায়েদা যোদ্ধারা বিস্ফোরক বোঝাই একটি স্পীডবোট নিয়ে জাহাজের মাঝ বরাবর আঘাত হেনে বিস্ফোরণ ঘটান। এর ফলে অনেক মার্কিন সৈন্য নিহত হয়।

এসব আক্রমণের মাধ্যমে ওসামা চেষ্টা করছিলেন আমেরিকাকে প্রলুব্ধ করার, যাতে করে তাঁর ফাঁদে পা দিয়ে আমেরিকা আরেকটি মুসলিম দেশ আক্রমণ করে বসে। ওসামা নিশ্চিত ছিলেন যে আমেরিকা যদি আরেকটি মুসলিম ভূখণ্ড আক্রমণ করে তাহলে অবশ্যই আরেকটি জিহাদ এবং নবজাগরণ শুরু হবে (যেমনটা আফগানিস্তানে হয়েছিলো)।

সোমালিয়া,কেনিয়া, ইয়েমেনে তিনি বারবার আমেরিকাকে যুদ্ধে প্রলুব্ধ করার চেষ্টা করলেন। কিন্তু আমেরিকানরা কোন প্রতিউত্তর দিলো না। আমেরিকানরা জানতো যে ওসামা বিন লাদেন নামে একজন ব্যক্তি তাঁদের বিরুদ্ধে প্রকাশ্য যুদ্ধ ঘোষণা করেছেন – কিন্তু কেন তাঁরা কোন পাল্টা আক্রমণ করছিলো না?

সৌদি আরব কতৃক ওসামার নাগরিকত্ব বাতিল

সাউদী আরব অবগত ছিলো যে তাদেরই একজন নাগরিক তাঁদের প্রভু আমেরিকার বিরুদ্ধে জিহাদ ঘোষণা করেছে। তাই তাঁরা ওসামার কয়েকজন ঘনিষ্ঠ ব্যক্তিকে তাঁর কাছে পাঠালো যাতে করে তাঁরা বুঝিয়ে-শুনিয়ে ওসামাকে থামায়।

তাঁদের সাথে আলোচনার এক পর্যায়ে ওসামা এমনকিছু একটা বলতে যাচ্ছিলেন যা বলা হয়ে গেলে হয়তো আজকের পৃথিবীর ইতিহাস অন্যরকম হতো, কিন্তু আল কায়েদার কিছু মিশরীয় সদস্য এসময় তাঁর কানে কানে এমন কিছু বলেন যা আমেরিকার বিরুদ্ধে জিহাদের সিদ্ধান্তে ওসামাকে অটল ও অবিচল রাখে। একারনে সৌদি সরকারে অনেক ব্যক্তি জিহাদের প্রতি ওসামার এই দৃঢ় অঙ্গীকারের জন্য আল কায়েদার মিশরীয় সদস্যদের দায়ী করে।

শেষ পর্যন্ত সাউদী আরব ওসামার নাগরিকত্ব বাতিল করে, এবং তাঁর কাছ থেকে তাঁর পাসপোর্ট কেড়ে নেয়। এর ফলে সাউদী রাজপরিবার ও শাসকগোষ্ঠীর প্রতি তাঁর বিতৃষ্ণা ও ঘৃণা আরো বৃদ্ধি পেলো। এই রাজপরিবার ইতিমধ্যেই আমেরিকানদের মুসলিমদের সবচাইতে পবিত্র ভূমিকে সামরিক ও অর্থনৈতিক ভাবে দখল করার সুযোগ করে দিয়েছিলো। এবার তাঁরা সুস্পষ্টভাবে নিজেদের আমেরিকার দালাল হিসেবে প্রমান করলো।

সুদানে থাকা অবস্থায় বেশ কয়েকবার ওসামাকে হত্যার জন্য আততায়ীরা চেষ্টা চালায়। তাঁকে হত্যার উদ্দেশ্যে তিনি যেই মসজিদে সালাত আদায় করতেন সেখানেও একদিন গুলি চালানো হয়, কিন্তু অসুস্থ থাকার কারনে ওইদিনই তিনি মসজিদে অনুপস্থিত ছিলেন।

একে কেউ বলবে ভাগ্য, কেউ বলবে আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার পরিকল্পনা।

সুদান ত্যাগ

এরকম অবস্থায় হঠাৎ একদিন সুদানের সরকার ওসামাকে জানালো যতো তাড়াতাড়ি সম্ভব তাঁকে সুদান ত্যাগ করতে হবে। (সম্ভবত ওসামাকে বহিষ্কারের জন্য আমেরিকার চাপ ও হুমকির মুখে নতি স্বীকার করে সুদান এই সিদ্ধান্ত নিয়েছিলো)।

সুদানে বিনিয়োগ করা তাঁর লক্ষ মিলিয়ন ডলার পানিতে গেল। তাঁর বিষয়-সম্পত্তি তাঁকে অতি দ্রুত, অতি কম দামে বিক্রি করে দিতে হল। সুদানীসদের দেওয়া একটি নিম্ন শ্রেনীর বিমানে করে তিনি সুদান ত্যাগ করলেন। প্রায় কপর্দকশূন্য অবস্থায় তিনি আফগানিস্তানে পুনরায় হিজরত করলেন।চারপাশের মানুষগুলো তাঁর সাথে বিশ্বাসঘাতকতা করেছিলো। এসময়টাতে তিনি অত্যন্ত হতাশ বোধ করছিলেন।

আফগানিস্তানে প্রত্যাবর্তন

আশি ও নব্বইয়ের দশকে ইউনুস খালিস ছিলেন প্রথম সারির আফগান মুজাহিদ কম্যান্ডারদের মধ্যে একজন। তিনি সাদরে ওসামাকে আফগানিস্তানে বরণ করে নিলেন এবং তাঁর থাকার ব্যবস্থা করে দিলেন।আফগানদের মধ্যে ওসামা ছিলেন অত্যন্ত সম্মানিত। আফগান জিহাদে ওসামার ভূমিকা তাঁরা ভুলে যাননি।

নব্ববইয়ের দশকের পুরোটা জুড়েই আফগানিস্তানে চলে তীব্র গৃহযুদ্ধও। কিন্তু এরই মাঝে উত্থান ঘটে নতুন এক দলের, যাদের নাম তালিবান (তালিব-শব্দের অর্থ ছাত্র, তালিবান এর বহুবচন)।

শুরুর দিকে তালিবান সম্পর্কে বিশেষ কিছু না জানলেও, যখন তিনি জানতে পারলেন যে তালিবানের আন্দোলন একটি ইসলামী আন্দোলন, তখন ওসামা তালিবানের সাথে আল কায়েদার সম্পর্ক স্থাপন করতে আগ্রহী হয়ে উঠলেন।

তালিবান

তালিবান নেতা মোল্লা মোহাম্মাদ উমর - রাশিয়ার বিরুদ্ধে জিহাদে ডান চোখে গুলিবিদ্ধ হন।

তালিবানের নেতা মোল্লা মোহাম্মাদ উমর তাঁর নিজ মুখে তালিবান আন্দোলনের সূচনার বর্ণনা দিয়েছেন। তিনি এবং মাদ্রাসার কিছু ছাত্র চলমান আফগান গৃহযুদ্ধ এবং এর ভয়াবহতা নিয়ে অতিষ্ঠ হয়ে উঠেছিলেন। প্রতিদিনই তাঁরা শুনতে পেতেন, নারীদের অপহরণ করার হচ্ছে, ধর্ষণ করা হচ্ছে, খুন করা হচ্ছে, মানুষের ধন-সম্পদ লুট করা হচ্ছে। এসব কিছু তাঁদের ধৈর্যের সীমার বাইরে চলে গিয়েছিলো।

আফগানিস্তানের পাহাড়ে তালিবান মুজাহিদরা

তিনি এবং ছাত্ররা (তালিবান) চারপাশের অরাজকতা বন্ধ করা এবং কুরআনে বর্ণিত 'সৎ কাজে আদেশ এবং অসৎ কাজ বাধা দেবার গুরু দায়িত্ব পালনের উদ্দেশ্যে, তাঁদের কিতাব সমূহ বন্ধ করে হাতে অস্ত্র তুলে নিলেন। জন্মভুমি কান্দাহার থেকে এই মহান আন্দোলনের শুরু হলো। একটা ট্রাক, একটা ধারকরা মোটরবাইক আর আল্লাহ্‌র সাহায্যের ভরসা –এই তিনটি জিনিস নিয়ে তালিবান তাঁদের অভিযানে বেড়িয়ে পড়লেন। সময়টা ছিল ১৯৯৪।

তালিবান নানা অঞ্চল ঘুরে ঘুরে যুদ্ধবাজ নেতা (Warlords) এবং ডাকাত এবং অন্যান্য অপরাধীদের বিরুদ্ধে লড়াই করা শুরু করে দিলো। আস্তে আস্তে জনজীবনে স্থিতিশীলতা ফিরে আসতে শুরু করলো। তাঁদের শক্তি-প্রভাব বাড়ার সাথে সাথে তাঁদের প্রতি সাধারণ জনগণের সমর্থনও বৃদ্ধি পেতে থাকলো।এভাবে তালিবানরা কান্দাহারের বাইরে অন্যান্য প্রদেশগুলোতেও অভিযান চালানো শুরু করলো।

২০০১ সালের মধ্যে সমগ্র আফগানিস্তানে তাঁদের প্রভাব ছড়িয়ে পড়লো। আমেরিকার নেতৃত্বে তালিবানের বিরুদ্ধে যখন যুদ্ধ শুরু হয়, তখন তাঁরা আফগানিস্তানের দুর্গম পাহাড়গুলোতে আশ্রয় গ্রহণ করেন।

আমেরিকার ঔদ্ধত্য

আফগানিস্তানে রাশিয়ার পরাজয়ের পর আমেরিকা নিজেদের সর্বেসর্বা ভাবতে শুরু করে। তাঁরা তাঁদের সাম্রাজ্যবাদী উদ্ধত দৃষ্টি দিয়ে সমগ্র পৃথিবীকে দেখতে শুরু করে। রাশিয়ার পতনের পর একমাত্র সুপারপাওয়ার হিসবে তাঁরা নিজেদের অজেয় মনে করা শুরু করলো।

রাশিয়ানরা চলে যাবার পর তাঁরা আফগানিস্তানকে একরকম ভুলেই গেলো। এমনকি তাঁরা সেখানে দূতাবাস স্থাপনও জরুরী মনে করলো না। তাঁদের যদি কোন দূতাবাস থাকতো তাহলে তাঁর মাধ্যমে, গোয়েন্দা দিয়ে তাঁরা আফগানিস্তানের ঘটনাবলীর উপর নজরদারী চালাতো পারতো। কিন্তু অতোটুকুও না করার ফল হল এই যে, রাশিয়ার পরাজয় পরবর্তী পাঁচ বছর আফগানিস্তানের বাস্তব অবস্থা নিয়ে আমেরিকা ছিলো সম্পূর্ণ অন্ধকারে। গর্ব এবং ঔদ্ধত্য আমেরিকাকে অন্ধ করে দিয়েছিলো – এবং পরবর্তীতে তাঁদের এইজন্য চড়া মাশুল দিতে হয়। আবারো কেউ একে বলবেন ভাগ্য, কেউ বলবেন আল্লাহ্‌র পরিকল্পনা।

পশতুন (আফগানিস্তানের জাতীয় ভাষা) ভাষায় মুল্লাহ শব্দের অর্থ –ইসলামী শিক্ষার ছাত্র, এবং মৌলভী অর্থ – আলেম।

শারীয়াহ প্রতিষ্ঠা এবং গৃহযুদ্ধ থামানোর উদ্দেশ্যে মোল্লা উমার তাঁর পড়াশোনা ছেড়ে চলে আসেন। তিনটি অত্যন্ত কড়া ভাবে শারীয়াহ আইন পালন করা শুরুর করেন। কারণ এটাই ছিল আফগান যুদ্ধবাজ নেতাদের নিয়ন্ত্রনে আনার একমাত্র উপায়।

তালিবানের মূলনীতি ছিলো – 'চোখের বদলে চোখ, জীবনের বদলে জীবন'।

সুতরাং অন্যকে আঘাত করার অর্থ নিজের উপর সমপরিমান আঘাত টেনে আনা। এই নীতি অত্যন্ত সফল প্রমাণিত হয়। তালিবান শাসনের অধীনে আফগান জীবনে অভূতপূর্ব শান্তি ও স্থিতিশীলতা দেখা দেয়।

২০০০ সালের মধ্যে আহমাদ শাহ মাসউদের নিয়ন্ত্রণাধীন কিছু অঞ্চল ছাড়া পুরো আফগানিস্তান তালিবানের নিয়ন্ত্রনে চলে আসে। আহমাদ শাহ মাসউদের বাহিনী পরবর্তীতে উত্তরাঞ্চলীয় জোট **(Northern Alliance)** নামে পরিচিতি লাভ করে।

আহমাদ শাহ ছিলো তাজিক (পশতুন নয় এমন আফগান), এবং একজন শিয়া। রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধে সে একজন কম্যান্ডারের ভূমিকা পালন করে – এ ব্যাপারে আব্দুল্লাহ আযযাম তাঁর প্রশংসাও করেছিলেন। কিন্তু রাশিয়া পরাজিত হবার পর আহমাদ শাহর তীব্র সুন্নী বিদ্বেষী, প্রকৃত রূপ প্রকাশ পায়।

সমগ্র আফগানিস্তান তালিবানে নিয়ন্ত্রনে চলে আসার পথে এই আহমাদ শাহই ছিলো একমাত্র বাধা। কিন্তু ওসামা এবং আল কায়েদা আফগানিস্তানে আসার পর, তালিবানের জন্য এই বাধাটুকুও আর থাকলো না।

তালিবানের শত্রু তাজিক উত্তরাঞ্চলীয় জোট **(Northern Aliiance)** –এর নেতা শিয়া আহমাদ শাহ্ মাসউদ

আলকায়েদা এবং তালিবান ঐক্য

ওসামা এবং তাঁর যোদ্ধারা আদর্শ ও সংকল্পে পরিচিত ছিলেন আল কায়েদা আল জিহাদ [বিশ্বব্যপী জিহাদের ঘাঁটি] নামে। আর মোল্লা উমার ও তাঁর যোদ্ধাদের পরিচয় ছিলো – তালিবান। এই দুটি দলের একই ইসলামী আদর্শ হবার কারনে তাঁদের ঐক্যের ফলে উভয় দলই বেশ কিছু সুবিধা লাভ করে।

দুটো দলেরই উদ্দেশ্য ছিল ইসলামী রাস্ত্রব্যবস্থা কায়েম করা। তবে সেই সময়ে তালিবানের লক্ষ্য ছিলো আফগানিস্তান কেন্দ্রিক আর আল কায়েদার লক্ষ্য ছিল বৈশ্বিক।

যেহেতু আফগানিস্তানে একটি ইসলামী রাস্ট্র প্রতিষ্ঠায় তালিবানের পথে একমাত্র বাধা ছিলো আহমাদ শাহ্ মাসউদ, তাই ওসামা অঙ্গীকার করেন এই ব্যাপারে তালিবানকে সাহায্য করার। এমনকি তিনি আমীরুল মুমিনীন [বিশ্বাসীদের নেতা] হিসেবে মোল্লা উমারের হাতে আনুগত্যের শপথ (বাইয়াত)দেন।

তালিবানের ও মাসউদের বাহিনীর (উত্তরাঞ্চলীয় জোট) মধ্যে অনেক গুলো যুদ্ধ সঙ্ঘটিত হয়। মাসউদের বাহিনীর যোদ্ধারা প্রায়ই বলতো যে তালিবানের সাথে যুদ্ধ ছিল সমানে সমানে। কিন্তু আল কায়েদা যোদ্ধারা ছিলো অত্যন্ত বিপদজনক, এবং তাঁদের সাথে যুদ্ধ করা ছিলো সব চাইতে কঠিন।

এটার কারণ হল – আফগানদের মধ্যে বয়স্ক যোদ্ধাদের অনেকেই আনন্দময় দীর্ঘজীবন কামনা করতেন, এবং নিজ নিজ পরিবারের উপস্থিতিতে স্বাভাবিক মৃত্যুর আকাঙ্ক্ষা করতেন।

কিন্তু বেশীর ভাগ আরব মুজাহিদ ছিলেন শাহাদাতকামী এবং এজন্য তাঁরা যুদ্ধের ময়দানে চরম ঝুঁকিপূর্ণ এবং বেপরোয়া সব কাজ করতেন* - যা তাঁদের অত্যন্ত বিপদজনক মরণপণ যোদ্ধা বানিয়ে তুলেছিল।

*উদাহরণস্বরূপ –রাশিয়ার বিরুদ্ধে জিহাদের সময় আল কায়েদার এই মুজাহিদরা উজ্জ্বল তাবু খাটাতেন, যাতে করে শত্রু তাঁদের দেখতে পেয়ে তাঁদের উপর বোমা ফেলে। তাঁরা ছিলেন এতোটাই শাহাদাতকামী।

মাসুদের সমাপ্তি

নব্বই এর দশকের শেষদিকে তালিবানদের প্রভাব ছিল অনেক বেশি এবং তা ক্রমেই বেড়ে যাচ্ছিল। যুক্তরাষ্ট্র (সি.আই.এ- সেন্ট্রাল ইন্টেলিজেন্স এজেন্সি) তালিবানদের এই ক্রমবর্ধমান প্রভাবকে প্রতিহত করার জন্য মাসুদ ও তার বাহিনীকে (উত্তরাঞ্চলীয় জোট) আর্থিক সাহায্য প্রদান করে। এই দলের মূল ভূমিকা ছিল তালিবানদের ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার নীতির বিরোধিতা করা এবং রাজধানীতে মাসুদের নিজস্ব সরকার ব্যবস্থা গড়ে তোলা যা কিনা যুক্তরাষ্ট্রের প্রভাব ও নিয়ন্ত্রণে থাকা অবস্থায় একটি অপেক্ষাকৃত স্থিতিশীল আফগানিস্থান রাষ্ট্র তৈরী করবে।

আহমেদ শাহ মাসউদ – তাজিক উত্তরাঞ্চলীয় জোটের শিয়া কম্যান্ডার এবং সে তালিবানের একজন শত্রু।

মাসুদ ছিল একজন ধূর্ত শত্রু। সে প্রায়শই যুক্তরাষ্ট্রের কাছ থেকে টাকা নিত (মাঝেমাঝে অর্ধ মিলিয়ন ডলার পর্যন্ত) এরপর নানা অজুহাত দিয়ে যুক্তরাষ্ট্রকে বোঝাত কেন এই অর্থ দিয়ে সে বলার মত কিছুই অর্জন করতে পারেনি। আফগানরা বিচক্ষণ ও কুশলীমানুষ হিসেবে পরিচিত যারা কখনোই বহিরাগত কর্তৃত্বের কাছে নতি স্বীকার করে না। যুক্তরাষ্ট্রের ভবিষ্যত পতনের পিছে এটাও একটা গুরুত্বপূর্ণ কারণ ছিল। (এটা একটা জানা কথা যে কারজাই সরকারের অনেক কর্মকর্তা-কর্মচারীই তাদের ন্যাটো ও যুক্তরাষ্ট্রীয় উপদেষ্টাদের প্রতি অবাধ্য ও

বিদ্রোহী আচরণ প্রকাশ করে। অনেক ক্ষেত্রে তারা জেদের বশে ও নিজেদের স্বাধীনতা প্রমাণ করার জন্য নিজেদের জন্য লাভজনক কাজ করতেও অস্বীকৃতি জানায়।)

সুতরাং বলা চলে যে তালিবানরা এমন এক শত্রুর মোকাবিলা করছিল যারা ক্রমাগত যুক্তরাষ্ট্রের কাছ থেকে অর্থের যোগান পাচ্ছিল। এত আর্থিক সহায়তা মাসুদকে আরও বেশি লোক পেতে সক্ষম করে তোলে যা তালিবানদের একটি স্থিতিশীল ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার ক্ষেত্রে হুমকি হয়ে দাঁড়ায়। এসময়ে ওসামা তালিবানদের কাছে এ সমস্যার একটি সম্ভাব্য সমাধানের প্রস্তাব তোলেন।

মাসুদ ছিল একজন সুবক্তা, সে পশ্চিমা মিডিয়ার কাছে নিজেকে আফগানিস্থানের শান্তি ও স্থিতিশীলতার জন্য কাজ করতে থাকা একজন যোদ্ধা হিসেবে তুলে ধরে। পশ্চিমাদের সব অর্থের যোগান তার কাছে আসতে থাকে আর উত্তরাঞ্চলীয় জোট এর নেতৃত্ব দিতে থাকে। তালিবানদের হাতে তাকে থামানোর মত কোন অস্ত্রই ছিল না।

ওসামা একটি সম্ভাব্য সমাধান বের করলেন। ইসলামী মাগরিব (মরক্কো, তিউনিসিয়া, আলজেরিয়া) থেকে আগত কিছু আরব পুরুষের সাথে ওসামার পরিচয় ছিল। ঔপনিবেশিক আমলে এসব দেশ ছিল ফরাসী সাম্রাজ্যের অংশ। ওসামা খুব বুদ্ধিমত্তার সাথে এমন কিছু লোককে বাছাই করলেন যারা ছিল সম্ভবত ফর্সা গায়ের রঙের অধিকারী এবং তারা ফরাসী ভাষায় কথা বলত। তারা সাংবাদিক সেজে মাসুদের বিশ্বাস অর্জন করতে সচেষ্ট হয়।

মাসুদের লোকদের সাথে বেশ কিছুদিন থাকার পর তারা মাসুদের বিশ্বস্ততা লাভ করে।কোন অস্ত্র বহন করা যাবে না এই শর্তে তারা সরাসরি মাসুদের সাক্ষাৎকার নেয়ার অনুমতি লাভ করে। সাংবাদিক, তাই স্বাভাবিকভাবেই তাদের কোন অস্ত্র নেয়ার কথা না, কিন্তু এই লোকেরা যে ক্যামেরা দিয়ে মাসুদের সাক্ষাৎকার ধারণ করা হবে সেখানে গোপন বোমা তৈরি রাখে। যে মুহূর্তে সাক্ষাৎকার নেয়া শুরু হল এবং ক্যামেরাটি চালু করা হল সেই মুহূর্তেই বোমাটি বিস্ফোরিত হয়। মাসুদসহ সেখানে উপস্থিত তার দলের সব লোক এবং এই শাহাদাতী হামলায় **[martyrdom operation]** এ সাংবাদিক সেজে আসা আরব মুজাহিদ- সবাই মৃত্যুবরণ করে। পুরো পশ্চিমা মিডিয়ায় এই ঘটনায় সোরগোল পড়ে গেল। কিন্তু বিপুল সংখ্যক প্রাণহানী ছাড়াই ওসামার লোকেরা তালিবানদের বিজয়ী করে তোলায় মোল্লা ওমর ওসামা বিন লাদেন ও আল-কায়েদার প্রতি অত্যন্ত কৃতজ্ঞ হলেন।

মাসুদের মৃত্যুর পরবর্তী সময়ে তার মত আর কোন প্রভাবশালী নেতা না পাওয়ার কারণে উত্তরাঞ্চলীয় জোট পুরোপুরি ছত্রভঙ্গ হয়ে পালিয়ে যেতে শুরু করল।

ইসলামিক আমিরাত আফগানিস্থান (২০০১)

২০০১ সালের শেষার্ধে আফগানিস্থানে তালিবানই ছিল একমাত্র শক্তিশালী দল এবং তারা ইসলামী শরিয়াহ অনুযায়ী রাষ্ট্র পরিচালনা করতে থাকে। এসময় আফগানিস্থান ছিল অনেক বেশি স্থিতিশীল।

ইসলামিক আমিরাত অফ আফগানিস্তানের ওয়েবসাইট

মোল্লা যায়ীফের বর্ণিত দুইটি ঘটনা থেকে আমেরিকার আফগানিস্থান আক্রমণের পূর্বে সেখানকার তালিবান শাসনের সাম্য ও ন্যায়বিচারের চিত্র সম্পর্কে একটি ধারণা পাওয়া যায়ঃ

মৌলভী পাসানাই সাহেব তার নিরপেক্ষ বিচার ও শাসন এর জন্য খ্যাত ছিলেন। তার সামনে যাকেই আনা হত, যদি তারা আত্মীয় বা বন্ধুও হত, তিনি ন্যায়বিচার করতেন। তিনি শরীয়াহ আইনে নির্দেশিত আল্লাহ্র আদেশ মেনে চলতেন। তার চালিত অনেকগুলো মামলার কথা আমার মনে আছে, কিন্তু এর মধ্যে দুইটি আমার বিশেষভাবে মনে পড়ে;

ঘটনা#১

পাশমোল এর কাছে শুকুর হিল নামে এক জায়গা আছে যেখানে বেশিরভাগ হত্যাকান্ডের শাস্তি দেয়া হত। যখন একজন অপরাধীকে কে শাস্তি দেয়ার জন্য পাহাড়ে ওঠানো হত তখন আমরা জায়গাটাকে নিরাপদ করতাম।

তোয়ান, যে কুরবান নামেও পরিচিত ছিল, সে আমার ছেলেবেলার গ্রাম চারশাখার একজন লোককে চাকু দিয়ে ঠান্ডা মাথায় হত্যা করেছে। তাকে শুকুর হিলে নিয়ে আসা হয়েছিল।

অনেক মুসলিম যোদ্ধা সেখানে সমবেত হয়েছিলেন এবং মৃতের পিতা ও পরিবার তার জন্য অপেক্ষা করছিল। যখন তোয়ানকে খালি ময়দানে নিয়ে আসা হল তখন ওখানকার লোকেরা মৃতের বাবার কাছে তোয়ানকে ক্ষমা করে দেয়ার জন্য অনুরোধ করতে লাগল, এটাই ছিল মৃত্যুদন্ডের ক্ষেত্রে প্রথা। ওলামাগণ তার কাছে ক্ষমার মাহাত্ম্য তুলে ধরলেন, অন্যান্যরা তাকে রক্তপণ দিতে চাইল, কোন কোন কমান্ডার তাকে অস্ত্র দেয়ার অঙ্গীকার করল। একজন কমান্ডার তোয়ানের পক্ষে ৫০টা কালাশনিকভ ও কিছু অর্থ দেবার প্রস্তাব করল কিন্তু মৃতের বাবাকে কিছুতেই তোয়ানকে ক্ষমা করার ব্যাপারে রাজী করানো গেল না। শাস্তির দায়িত্বে থাকা কর্মীরা মৃতের বাবাকে একটি ছুরি দিল এবং হাত-পা বাঁধা অবস্থায় তোয়ানকে তার সামনে আনা হল। জামার হাতা গুটাতে গুটাতে মৃতের বাবা তার দিকে ধীরে ধীরে এগিয়ে যেতে লাগল। প্রথমেই সে মাটিতে হাঁটু গেড়ে বসে সজোড়ে আল্লাহু আকবার বলল এরপর তোয়ানের গলায় চাকুটা ধরল।

এরপর চাকুটা সরিয়ে নিয়ে তা উপরের দিকে তুলে মৃতের বাবা বলতে লাগল, "দেখ, আল্লাহ আমাকে এই ক্ষমতা দিয়েছেন। আল্লাহ ব্যতিত আর কেউ তোমাকে আমার হাত থেকে রক্ষা করতে পারবে না। তুমি সেই ব্যক্তি যে কোন আইনসঙ্গত কারণ ব্যতিত আমার ছেলেকে হত্যা করেছে।শরিয়াহ অনুসারে আল্লাহ আমাকে অধিকার দিয়েছেন আমার প্রিয় পুত্রের হত্যাকারীর বিরুদ্ধে প্রতিশোধ নেয়ার অথবা তাকে আল্লাহর উদ্দেশে ক্ষমা করে দেয়ার। প্রতিশোধের চেয়ে ক্ষমাতেই আল্লাহ বেশি সন্তুষ্ট হোন। আমি তোমাকে ক্ষমা করে দিচ্ছি, যাতে আল্লাহ আমার উপর সন্তুষ্ট হোন। এখন শেষ বিচারের দিবসে আল্লাহই তোমাকে শাস্তি দেবেন।"

এই বলে সে তার ছুরিটি ফেলে দিল আর উপস্থিত সকলে উচ্চস্বরে তাকবীর দিয়ে উঠল। অন্যান্যরা আনন্দে গুলি ছুড়ছিল এবং ছুটে এসে মৃতের বাবার হাত ও পায়ে চুম্বন করছিল। কেউ একজন এসে তোয়ানের হাত ও পায়ের বাঁধন খুলে দিল কিন্তু সে পুরো পাঁচ মিনিট কোন কথা বলল না কিংবা নড়া-চড়া করল না।

সকলে তাকে তার এই অপ্রত্যাশিত জীবনলাভে অভিনন্দন জানাতে লাগল এবং তাকে বলল তার উচিত ইসলাম ও আল্লাহর উপাসনায় একাগ্র হওয়া।

"আল্লাহ তার রহমত প্রদর্শন করেছেন। তোমার কাজের জন্য তাওবা কর এবং কখনো আর এরকম অন্যায় কাজ করার কথা চিন্তাও করো না" - তাকে এই বলা হল।

আমি নিশ্চিন্ত অনুভব করছিলাম যে এই লোক আর কখনো কোন অপরাধ করবে না, কিন্তু কিছুদিন যেতেই সে আবার খুন করল। কিছুকাল পর আমি এও শুনলাম যে সে নিজে একটা ডাকাতির ঘটনায় গুলিবিদ্ধ হয়ে মারা গেছে।

ঘটনা # ২

মৌলভী পাসানাই এর চালিত আরেকটি মামলা ছিল এরকম যেখানে পুরো একটি পরিবার ও তাদের অতিথিকে হত্যা করা হয়েছিল। গিরদি জঙ্গল ক্যাম্প থেকে মোহাম্মাদ নাবী নামে একজন লোক তার সাবেক স্ত্রী এর বোনের স্বামীর বাড়ি গিয়েছিল। তাকে তার সাবেক স্ত্রী' র বোন ও স্বামী স্বাগত জানিয়েছিল। আরেকজন অতিথিও সেই বাড়িতে এসেছিল। যখন রাতের খাওয়া পরিবেশন করা হল তখন রাত বেড়ে গিয়েছিল এবং চারদিক অন্ধকার হয়ে পড়ল। তাই মোহাম্মাদ নাবী ও অপর অতিথি রাতে থেকে যাওয়ার সিদ্ধান্ত নিল আর তাদেরকে অথিতির রুমে থাকতে দেয়া হল।অতঃপর বাড়ির অন্য সদস্যরা যার যার ঘরে ঘুমাতে চলে গেল। যখন সবাই ঘুমিয়ে রয়েছে তখন মোহাম্মাদ নাবী, যে কিনা পেশায় একজন কসাই, একটি দা নিয়ে তার ঘরে থাকা অপর অতিথিকে হত্যা করল।

এরপর সে পুরো বাড়িতে বিভিন্ন ঘরে ঘুমিয়ে থাকা পরিবারের সদস্যদের একে একে হত্যা করল। সে মোট **১১** জনকে হত্যা করলঃ একজন নারী, দুইজন পুরুষ এবং আটজন শিশু, যাদের মধ্যে একজনের বয়স মাত্র ছয় মাস। বাড়ি থেকে বের হয়ে যাওয়ার আগে সে প্রতিটা মৃতদেহকে টুকরো টুকরো করে বাড়ির নিচের অংশে নিয়ে আসে। পরবর্তীতে মুসলিম যোদ্ধাগণ বেলুচিস্তানের পাঞ্জপায়ী ক্যাম্প থেকে তাকে গ্রেফতার করে এবং তাকে সেখান থেকে কান্দাহার নিয়ে আসা হয়। সেখানে সে তার অপরাধ স্বীকার করলেও এর পেছনের কারণ সম্পর্কে কোন ব্যাখ্যা দেয়নি। আদালতের শুনানিতে এবং কারাগারে থাকা অবস্থায় সে প্রায়শই বলত যে তাকে হত্যা করা উচিত কিন্তু সে কখনো আমাদের বলেনি কেন সে তার সাবেক স্ত্রীর বোনের পরিবারের সবাইকে হত্যা করেছিল।

সে একাধিকবার জানায় যে সে চায় তাকে মেরে ফেলা হোক। সে স্বপ্ন দেখত তার হত্যা করা সেইসব ছোট শিশুদেরকে, তার হাতে থাকত তাদের ছিন্নভিন্ন হাত-পা, চারপাশ থাকত রক্তমাখা। প্রতিদিন রাতে সেই শিশুগুলো তার স্বপ্নে এসে তাকে জিজ্ঞেস করত কেন তাদেরকে এমন নৃশংসভাবে হত্যা করা হল। "আমরা কি করেছিলাম?" এই ছিল তার কাছে শিশুদের প্রশ্ন। মোহাম্মাদ নাবী ঘুমাতে পারত না; সে বিচারকের উদ্দ্যেশে বলত " আমার হৃদয়ে ভার চেপে বসে আছে, আমার প্রতি অনুগ্রহ করুন এবং আমাকে শীঘ্র হত্যা করুন" । তার মৃত্যুদন্ডের আদেশ হল এবং তা কুশকাক ও নেলঘামের মাঝের নদীর তীরে সম্পন্ন করার সিদ্ধান্ত হল। মৃতদের আত্মীয় ও পারিবারিক বন্ধুরা অতিথিদের সাথে এল।

মৃতদের দুইটি পরিবারের মধ্য থেকে দুইজন পুরুষকে নির্বাচিত করা হল যারা তাদের আত্মীয় হত্যার প্রতিশোধ নেবে। ঐ দুইজন পুরুষই ছিল মৃতদের ভাই। যখন মোহাম্মাদ নাবীকে নদীতীরে নিয়ে আসা হল তখন কেউ তার জন্য ক্ষমা প্রার্থনা করল না। যদিও মৌলভী পাসানাই সাহেব উলামাদেরকে মোহাম্মাদ নাবীর জন্য দুআ পড়তে ও তার জন্য আল্লাহর কাছে ক্ষমা চাইতে নির্দেশ দিয়েছিলেন, কোন মোল্লা বা অন্য কেউ তার জন্য কোন দুআর শব্দই উচ্চারণ করল না। মোহাম্মাদ নাবীর কোন আত্মীয় বা বন্ধুই তার মৃতদেহ গ্রহণ করতে আসল না। আমি বিচারক মৌলভী সাহেবের কাছে গেলাম এবং তার কাছে মোহাম্মাদ নাবীকে দুই রাকাআত নামায পড়ানোর অনুমতি

চাইলাম। আমি আরও বললাম যে তাকে কালিমা পড়ানোর নির্দেশনাও দিতে হবে। মোলভী সাহেবের অনুমতিক্রমে আমি মোহাম্মাদ নাবীর কাছে গেলাম এবং তাকে জানালাম যে মৃতদের আত্মীয়রা হত্যাকান্ডের প্রতশোধ নেয়ার জন্য উপস্থিত হয়েছে। এখন তার সময় হয়েছে কাবা অভিমুখে জীবনের শেষ সালাত আদায়ের এবং শাহাদার ঘোষনা দেয়ার। কিন্তু মোহাম্মাদ নাবী আমার চোখের দিকে সরাসরি তাকিয়ে বলল "আমাকে এই মুহুর্তে মেরে ফেলুন। আমি এখনো সেই সব হাত-পা ছিন্ন শিশুদেরকে আমার হাতের মাঝে দেখতে পাচ্ছি। আমি সালাত আদায় করতে কিংবা শাহাদা উচ্চারন করতে পারব না।"

আমি তার কথায় বিস্মিত ও স্তম্ভিত হয়ে গেলাম। আমি তাকে অনুরোধ করলাম আমার কথাগুলো পুনর্বিবেচনা করতে। আমি দীর্ঘক্ষণ ধরে তার সিদ্ধান্ত বদলানোর চেষ্টা করলাম কিন্তু তার কথা ছিল একটাই, "আমাকে মেরে ফেলুন" ।শেষ পর্যন্ত মৌলভী সাহেব আমাকে বললেন তার কাছ থেকে সরে আসতে। আমি শেষ মুহূর্ত পর্যন্ত তাকে অনুরোধ করে গেলাম যতক্ষণ না পর্যন্ত মৃতদের আত্মীয়রা তাকে গুলি করে হত্যা করল। সে কোন সালাত আদায় না করে এবং কোন কালিমা উচ্চারণ না করেই মারা গেল। মৃতদের আত্মীয়রা তার মৃত্যুর পর উচ্ছ্বসিত হয়ে উঠল এবং তাদের পাগড়ী আকাশে উড়িয়ে দিতে লাগল। মোহাম্মাদ নাবী আমার কাছে জ্বলন্ত প্রমাণ যে একজন নির্দয় মানুষ সালাত আদায় না করে এবং শাহাদাহ উচ্চারণ না করেই মৃত্যুবরণ করবে। আল্লাহ নিজে যদি কাউকে সঠিক পথে পরিচালিত না করেন তাহলে কোন রকম অভিজ্ঞতা বা কষ্টভোগই তাকে সঠিক পথের নির্দেশনা দিতে পারবে না।

উৎস : My Life with the Taliban (by Mullah Zaeef) ; page 75-78

২০ বছর নিরবিচ্ছিন্ন যুদ্ধের পর মানুষ খুশি হতে শুরু করেছিল এজন্য যে তাদের দেশটি এখন অনেক বেশি স্থিতিশীল, যদিও তা ছিল বিশ্বের অন্যতম দরিদ্র দেশগুলোর একটা।

ওসামা তার লোকদের ব্যবহার করে তালিবানদের বিরোধী দলের নেতাকে হত্যা করে, এজন্য তালিবানরা তার কাছে কৃতজ্ঞ ছিল। কিন্তু ওসামার ছিল আরও অনেক সুদূরপ্রসারী লক্ষ্য, যা তখনও অর্জিত হয়নি।

অধ্যায় ৩ : (২০০১-২০০৫)

৯/১১ যুগ ও নিউ ওয়ার্ল্ড অর্ডার

বিশ্বে একমাত্র সুপারপাওয়ার হিসেবে টিকে থাকা অবস্থায় ২০০০ + এর প্রথম দিক থেকে আমরা একটি নিউ ওয়ার্ল্ড অর্ডার এর উত্থান দেখতে পাই, যা কিনা বিশ্বের ১% এলিটদেরকে (জায়নিস্ট) – যারা বিশ্বের অন্যতম সেরা ধনী লোকদের অন্তর্ভুক্ত, তাদেরকে অদম্য ক্ষমতা দিচ্ছে US এর বিস্তার ও আধিপত্যের মাধ্যমে পুরো বিশ্বের অর্থনীতি নিজেদের নিয়ন্ত্রণে আনার জন্য।

৯/১১ এর পূর্ববর্তী ঘটনা

